দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ে ৫২ তম বার্ষিক ক্রীড়া ও পুরস্কার বিতরন

ক্রীড়ায় বিকশিত হোক তারুণ্য এ স্লোগানকে সামনে রেখে দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ে ৫২ তম বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক পুরস্কার বিতরনী অনুষ্ঠান অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার সকাল ৮ টায় অনুষ্ঠানের শুরুতে কোরআন থেকে তেলোয়াত পাঠের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সৃচনা করে। পরে সাংস্কৃতিকের মাধ্যমে অনুষ্ঠান শুরু করে। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার ভিতরে ছাত্র ছাত্রীদের মধ্যে কবিতা আবৃতি, সঙ্গীত প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতা কুইজ শেষে নৃত্য প্রতিযোগিতা অনুষ্টিত হয়।

কেরু উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রহিমের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালকের সহধর্মিণী ফাতেমা খাতুন ও অনুষ্ঠানের শুভ উদ্ধোধন করেন, ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন, মহাব্যবস্থাপক কারখানা সুমন কুমার সাহা, মহাব্যবস্থাপক অর্থ আব্দুস ছাত্তার, মহাব্যবস্থাপক প্রশাসন ইউসুফ আলী, মহাব্যবস্থাপক কৃষি আশরাফুল আলম ভৃইয়া, কেরু শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, সহ সভাপতি মফিজুল ইসলাম, সহ সভাপতি রেজাউল করিম, সহ সম্পাদক হাফিজুর রহমান, সহ সম্পাদক মোস্তফিজুর রহমান, সদস্য সেলিম খান, অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন সহাকারী শিক্ষক রাসেল আহম্মেদ শাওন।